

শৈক্ষিক সংবাদ

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ..

AUG 16 2002

## ছাত্রনেতাদের সঙ্গে ডা.বি উপাচার্যের বৈঠক

বিশ্ববিদ্যালয় সবেদমাডা : ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার বিষয়ে উপাচার্য অধ্যাপক ইউসুফ হায়দার বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা শুরু করেছেন। আলোচনার প্রথম পর্যায়ে তিনি ছাত্র ফেডারেশন, বিপ্লবী ছাত্রমৈত্রী, বিপ্লবী ছাত্রসংঘ, ছাত্রঐক্য ফোরাম ও জাতীয় ছাত্রদলের নেতৃবৃন্দের সঙ্গে বৈঠক করেন। বৃহস্পতি রাতে উপাচার্য বাসভবনের অফিসে আলোচনার সময় প্রেস্টর এ.এস.এম. আতীকুর রহমান উপস্থিত ছিলেন। বৈঠকে বিশ্ববিদ্যালয়ের বিরাজমান পরিস্থিতি এবং শিক্ষী কর্মকাণ্ড চালু করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তারা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ ও তা সমাধানের উপায় নির্ধারণের লক্ষ্যে প্রশাসনের সঙ্গে ছাত্র সংগঠন নেতৃবৃন্দের নিয়মিত বৈঠকের আয়োজনের কথা উল্লেখ করেন।

উপাচার্য তাদের আলাপ-আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সম্ভাব্য সকল সমস্যা সমাধানে তার আন্তরিক প্রচেষ্টার কথা উল্লেখ করেন। ২১শে আগস্ট ছাত্রদলের সঙ্গে উপাচার্য আলোচনা করবেন বলে জানা গেছে।